
# জয়া আর বিজয়



niketan নিকেতন ফাউন্ডেশন

জয়া আর বিজয়

It's my body পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত বুকলেট-১


**প্রথম প্রকাশ**

ডিসেম্বর ২০১৬

**রচনা ও পরিকল্পনা**

Antoinette Termoshuizen

আবু রেজা

হাসনাইন সবিহ্ নায়ক

**অলংকরণ**

উর্মি রহমান

**কমপিউটার গ্রাফিক্স**

জাহাঙ্গীর আলম মোল্লা

এ. লতিফ পলাশ

মো. সাখাওয়াত হোসেন জুয়েল

মো. শামীম হোসেন

**প্রকাশনায় :** Niketan Foundation

Itterbeek 7, 2641TW Pijnacker, The Netherlands

www.niketan.nl/en

**মুদ্রণ ও প্রকাশনা সমন্বয়**

টইটম্বুর মিডিয়া প্রাইভেট লিমিটেড

৪০/৩ নয়াপল্টন (২য় তলা), ভিআইপি রোড, ঢাকা-১০০০

ইমেইল : toitomboor@gmail.com

ISBN : 978-984-8869-68-0


**মূল্য : প্রতিটি বুকলেট – ১৫০.০০ (একশত পঞ্চাশ টাকা)**


**বুকলেট ১-৫ – ৫০০.০০ (পাঁচশত টাকা)**

**বিক্রয়লব্ধ অর্থ প্রতিবন্ধী শিশুদের কল্যাণে ব্যয়িত হবে**


# জয়া আর বিজয়



niketan নিকেতন ফাউন্ডেশন




আমি জয়া।
আমার বয়স পনেরো।
আমি ফুল খুব ভালবাসি।




আমি বিজয়।
আমার বয়স আঠারো।
আমি ছবি আঁকতে ভালবাসি।

ও হচ্ছে সুমন, আমার ছোট ভাই।



ইনি আমার বাবা
হাতেম আলী।
মুদির দোকানের
মালিক।


আর উনি আমার মা জরিনা বেগম।


ও হচ্ছে রানি'দি, আমার বড় বোন।
ইনি আমার বাবা রণজিৎ দাস।
প্রাইমারি স্কুলের অংকের টিচার।
আর উনি আমার মা।
রচনা দাস।





আমি আলম । আমি সালমা । আমি সুবীর । আর আমি জুলেখা । আমরা সবাই জয়া আর বিজয়ের বন্ধু । আমাদের অনেকেই শারীরিকভাবে দেখতে একটু ভিন্ন । আমাদের প্রত্যেকেরই রয়েছে বিশেষ চাহিদা । আমরা সবাই নিকেতন স্পেশাল স্কুলেপড়ি ।









আমি বীরেন। আমি বিউটি। আমি বিনু।
আর আমি খোকন।
আমরা সবাই জয়া আর
বিজয়ের বন্ধু। আমরা সবাই
একই পাড়াতে থাকি।
বিকালে আমরা সবাই
একসাথে খেলি। সবাই একসাথে
নদীর ধারে বেড়াতে যাই।





আমি সুন্দর করে অনেক কাজ করতে পারি। স্কুলে কোনো অনুষ্ঠান হলে সাজসজ্জার কাজটা করি আমি। আমি ছবি আঁকতে আর রঙ করতে ভালবাসি। আমি স্টেজ সাজাই। আমার আশা - এ ধরনের কাজের একটা চাকরি আমার কপালে যেন জোটে।




আমি গান গাইতে পারি। স্কুলের অনুষ্ঠানে আমি  গান গাই। পাড়ার অনুষ্ঠানে আমাকে গান গাইতে ডাকে। আমি একজন বড় মাপের গায়িকা হতে চাই।




আমি যখন ছোট , মা-বাবা আমাকে এলাকার স্কুলে ভর্তি করতে নিয়ে যান। শিক্ষকরা আমাকে ভর্তি করতে চান নি। পরে মা-বাবা আমাকে এই বিশেষ স্কুলে ভর্তি করান। এখানকার বড় আপার উৎসাহে আমি গান শিখতে শুরু করি। এছাড়াও এই স্কুলের শিক্ষকদের কাছ থেকে আমি অনেক কিছু শিখেছি।





ছোটবেলায় আমাকেও শিক্ষকরা স্কুলে ভর্তি করতে চান নি। তাই আমাকে এই বিশেষ স্কুলে ভর্তি করানো হয়। এখানে আমি লিখতে শিখেছি, পড়তে শিখেছি। ছবি আঁকতেও শিখেছি। এখানেই জয়া, আলম, সালমা, জুলেখা আর সুবীর-এর সাথে আমার বন্ধুতা হয়েছে।



আমার বামহাতটা জন্ম থেকেই বাঁকা। আমি হাত সোজা করে কাজ করতে পারিনা।

আমিও দেখতে একটু ভিন্ন। আমার রয়েছে ডাউন্স সিনড্রোম। ফলে আমাকে লেখাপড়া শিখতে হয়েছে ভিন্নভাবে।



কিন্তু এখন আমরা প্রায় সবকিছুই একসাথে করি। বন্ধুদের সাথে মিলে একসাথে কাজ করি, লেখাপড়া করি, খেলি আর বেড়াতে যাই।

# মানুষ জাতি

সত্যেন্দ্রনাথ দত্ত

জগৎ জুড়িয়া এক জাতি আছে
সে জাতির নাম মানুষ জাতি,
এক পৃথিবীর স্তন্যে লালিত
একই রবি শশী মোদের সাথী।
শীতাতপ ক্ষুধা তৃষ্ণার জ্বালা
সবাই আমরা সমান বুঝি,
কচি কাঁচাগুলি ডাঁটো করে তুলি
বাঁচিবার তরে সমান যুঝি।
দোসর খুঁজি ও বাসর বাঁধি গো,
জলে ডুবি, বাঁচি পাইলে ডাঙ্গা,
কালো আর ধলো বাহিরে কেবল
ভিতরে সবারই সমান রাঙা।
বাহিরের ছোপ আঁচড়ে সে লোপ
ভিতরের রং পলকে ফোটে,
বামুন, শূদ্র, বৃহৎ, ক্ষুদ্র
কৃত্রিম ভেদ ধুলায় লোটে।...

বংশে বংশে নাহিক তফাত
বনেদি কে আর গর্-বনেদি,
দুনিয়ার সাথে গাঁথা বুনিয়াদ্
দুনিয়া সবারি জনম-বেদী।





niketan নিকেতন ফাউন্ডেশন

বাংলাদেশের প্রতিবন্ধী শিশুদের শিক্ষা ও তত্ত্বাবধানে নিয়োজিত

www.niketan.nl/en